

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

নং পৌর-২/৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৯০.১৫/১১২৫—যেহেতু আপনি জনাব আলতাফ হোসেন, বেতাগী পৌরসভায় মেয়র পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, আপনি ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থ বছরে পৌর পরিষদের সিদ্ধান্ত ব্যতিত একক সিদ্ধান্তে প্রকল্প গ্রহণ ও অর্থ ব্যয় করেছেন; এবং

যেহেতু আপনি এডিপির আওতায় বরাদ্দকৃত ১,৮৬,১১,৫৩৭/- টাকা দিয়ে টেন্ডারের মাধ্যমে এডিপির আওতায় কোন প্রকল্প গ্রহণ করেননি; এবং

যেহেতু আপনি ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থ বছরে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করেননি; এবং

যেহেতু আপনি ২০১০-১১ অর্থ বছর হতে ২০১৩-১৪ অর্থ বছর পর্যন্ত মোট রাজস্ব আয় ২,৪০,৮৩,৮৬৮/৬০ টাকা হতে বেতন-ভাতা পরিশোধ হওয়া সত্ত্বেও উন্নয়ন খাত হতে ২০১০-১১ এবং ২০১১-১২ অর্থ বছরে ৩ (তিনি) দফায় (৩,০০,০০০/- টাকা, ১৮,১৬,০০০/- টাকা এবং ৩৪,০০,০০০/- টাকা) মোট ৫৫,১৬,০০০/- টাকা বিধি বহির্ভূতভাবে খণ্ড নিয়েছেন, যা আজ পর্যন্ত পরিশোধ করেননি; এবং

যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

(৬৪৩৩)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, অর্থ সংক্রান্ত বর্ণিত অভিযোগসমূহ পৌরসভার স্বার্থ পরিপন্থি/ প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা মোতাবেক ক্ষমতার অপব্যবহারের সামিল এবং আর্থিক অনিয়ম দোষে দুষ্ট; এবং

যেহেতু, এরপ আর্থিক অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধানমতে পৌরসভার মেয়র-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে; এবং

যেহেতু, জনাব আলতাফ হোসেন, মেয়র, বেতাগী পৌরসভা, বরগুনা-কে সরকার সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক বরগুনা জেলার বেতাগী পৌরসভার মেয়র জনাব আলতাফ হোসেন-কে বেতাগী পৌরসভার মেয়র পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ,কে,এম আনিচুজ্জামান  
সহকারী সচিব

---

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)